



## বিদেশে বসে নির্বাচন নিয়ে হুমকির কোনো মূল্য নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

বিদেশে অবস্থান করে নির্বাচন ভণ্ডুলের হুমকি দেওয়া ব্যক্তিদের কড়া ভাষায় জবাব দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেছেন, সাহস থাকলে তারা দেশে ফিরে এসে কথা বলুক, আইনের মুখোমুখি হোক। বিদেশে পালিয়ে বসে যা বলা হয়, তার কোনো গ্রহণযোগ্যতা নেই।

বুধবার (১৪ জানুয়ারী) চট্টগ্রামের সাতকানিয়ায় বায়তুল ইজ্জতে বিজিবি ট্রেনিং সেন্টারের সমাপনী কুচকাওয়াজ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, যারা দেশের বাইরে বসে উসকানি দিচ্ছে, তারা বাস্তবতার মুখোমুখি হতে ভয় পাচ্ছে। তাই দূর থেকে বক্তব্য দিয়ে পরিস্থিতি যোলাটে করার চেষ্টা করছে। সীমান্ত পরিস্থিতি নিয়ে কথা বলতে গিয়ে তিনি জানান, বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের কিছু অংশ বর্তমানে আরাকান আর্মির নিয়ন্ত্রণে থাকায় নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে। বিষয়টি মিয়ানমার সরকারের সঙ্গে নিয়মিতভাবে যোগাযোগের মাধ্যমে জানানো হচ্ছে।

সম্প্রতি মর্টারের আঘাতে বাংলাদেশের এক শিশুর আহত হওয়ার ঘটনাও উল্লেখ করেন তিনি। ওই শিশুকে চিকিৎসার জন্য ঢাকায় আনা হয়েছে বলে জানান স্বরাষ্ট্র উপদেষ্টা। তিনি বলেন, দুই পক্ষের সংঘর্ষের সময় কখনো কখনো গোলাবর্ষণ সীমান্ত পেরিয়ে বাংলাদেশের ভেতরে চলে আসে, যা কখনোই গ্রহণযোগ্য নয়। ভবিষ্যতে এমন ঘটনা যেন না ঘটে, সে জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হচ্ছে।

সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি জানান, আসন্ন নির্বাচন যাতে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়, সে লক্ষ্যে বিজিবি সর্বোচ্চ প্রস্তুতি নিয়ে মাঠে থাকবে। দেশের ৬১ জেলায় প্রায় ৩৭ হাজার বিজিবি সদস্য মোতায়েন করা হবে।

এ সময় তিনি বিজিবির নতুন সদস্যদের কথাও তুলে ধরেন। এক ব্যাচে ইতিহাসের সর্বোচ্চ ৩ হাজার ২৩ জন নবীন সৈনিক এবার বাহিনীতে যোগ দিয়েছেন, যার মধ্যে পুরুষ ২ হাজার ৯৫০ জন এবং নারী ৭৩ জন।